# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
প্রকিউরমেন্ট বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৫৩৫
ই-মেইলঃ
dgmcsd@krishibank.org.bd,


প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৩-২০২৪/ তারিখঃ ২৭-০২-২০২৪ খ্রি.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **নিরাপত্তা প্রহরীদের পোশাক পরিধান নিশ্চিতপূর্বক প্রত্যয়ন পত্র প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/কার্যালয়/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য নিয়োজিত বেসরকারি নিরাপত্তা প্রহরীদের পোশাক পরিধান নিশ্চিতকরণ সংক্রান্ত অত্র বিভাগের বিগত ১২.০২.২০২৪ খ্রি. তারিখের পত্র নং-প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২৩-২০২৪/১২৪৩ এর প্রতি সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের গত ০৪-০২-২০২৪ খ্রি. তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-১(২৭)বিবিধ/২০২৩-২০২৪/৯৪৯ মূলে শাখা/কার্যালয়ের কর্মপরিবেশ ও ব্যাংকার-কাস্টমার সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে ফেব্রুয়ারী মাস ব্যাপী বিশেষ কর্মসূচী ঘোষিত হয়েছে যেখানে শাখা/কার্যালয়ের নিরাপত্তা একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচনা করা হয়েছে। বিকেবি, প্রধান কার্যালয়সহ সকল শাখা/কার্যালয় ও গ্রাহকদের নিরাপত্তা জোরদার ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে বেসরকারী নিরাপত্তা প্রহরীদের বাধ্যতামূলকভাবে নির্ধারিত পোশাক পরিধানপূর্বক সার্বক্ষনিক শাখা/কার্যালয়ে অবস্থান করে যথাযথভাবে দায়িত্ব পালন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন। সে মোতাবেক অত্র বিভাগ হতে উপরোক্ত পত্রের মাধ্যমে বেসরকারী নিরাপত্তা প্রহরীদের বাধ্যতামূলকভাবে নির্ধারিত পোশাক পরিধানের বিষয়টি নিশ্চিতকরণপূর্বক মাঠ পর্যায়ের নির্বাহীগণকে ১৮.০২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রত্যয়ন পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোন শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রধানগণ এতদ্বিষয়ে কোন প্রত্যয়নপত্র প্রদান না করার কারণে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

০৩। এমতাবস্থায়, পত্র প্রাপ্তির তারিখ হতে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে বেসরকারী নিরাপত্তা প্রহরীদের বাধ্যতামূলকভাবে নির্ধারিত পোশাক পরিধানের বিষয়টি নিশ্চিতকরণপূর্বক প্রত্যয়ন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/কার্যালয় প্রধানগণের উপর বর্তাবে।

০৪। বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।

নির্দেশক্রমে-

আপনার বিশ্বস্ত
27/2/24
(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক

প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৩-২০২৪/ ১৩০০(১২৫০) তারিখঃ ২৭-০২-২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো।
০৬। অফিস কপি।

27-02-2024
(মোঃ আশরাফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক